



নং-স্বাপকম/শৃঙ্খলা-২/অভি-২৩/২০০৮- ৪৮

তারিখঃ ৩৪ মাঘ, ১৪২৭ বঙ্গাব্দ
২৮ জানুয়ারি, ২০২১ খ্রিস্টাব্দ

আদেশ

যেহেতু জনাব জাকের আহমেদ চৌধুরী, ফিল্ড অফিসার, খাবার স্যালাইন উৎপাদন ও বিপণন প্রতিষ্ঠান, তেজগাঁও, ঢাকাকে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের ২৫.১০.২০১০ খ্রি. তারিখের স্বাপকম/শৃঙ্খলা-২/অভি-২৩/২০০৮/৩৭২ নং স্মারকে তার সাময়িক বরখাস্তের তারিখ ১২.১২.২০০৭ খ্রি. হতে সরকারি চাকুরি হতে বাধ্যতামূলক অবসরের আদেশ করা হয়;

যেহেতু তিনি উক্ত আদেশের বিরুদ্ধে বিজ্ঞ প্রশাসনিক ট্রাইব্যুনালে ৫৩/২০১১ নং এ.টি (Administrative Tribunal) মামলা দায়ের করেন এবং তাতে হেরে যান;

যেহেতু তিনি উক্ত এ.টি মামলার রায়ের বিরুদ্ধে বিজ্ঞ প্রশাসনিক আপিল ট্রাইব্যুনালে ১২/২০১৪ নং এ.এ.টি (Administrative Appeal Tribunal) মামলা বুজু করেন এবং উক্ত আপিল মামলার রায়ে বাধ্যতামূলক অবসর ১২.১২.২০০৭ খ্রি. এর পরবর্তীতে ২১.১০.২০১০ খ্রি. হতে কার্যকর করার আদেশ দেয়া হয়;

যেহেতু এ.এ.টি মামলার আদেশে ২১.১০.২০১০ খ্রি. তারিখ হতে বাধ্যতামূলক অবসর প্রদানের কথা বলা হলেও এতে করে জন্ম তারিখের প্রেক্ষিতে অবসরের নির্ধারিত তারিখ অতিক্রান্ত হয় যা গণকর্মচারী (অবসর) আইনের পরিপন্থী বিধায় আপিলকারী জনাব জাকের আহমেদ চৌধুরী বাধ্যতামূলক অবসর দণ্ড ০৭.০৮.২০১০ খ্রি. হতে কার্যকর করার জন্য আবেদন করেন;

সেহেতু বিজ্ঞ প্রশাসনিক ট্রাইব্যুনালের এ.এ.টি ১২/২০১৪ নং মামলার ১৪.০৩.২০১৭ খ্রি. তারিখের রায়ের আলোকে জনাব জাকের আহমেদ চৌধুরীর বিরুদ্ধে প্রদত্ত বাধ্যতামূলক অবসর আদেশটি ১২.১২.২০০৭ খ্রি. তারিখের পরিবর্তে ০৭.০৮.২০১০ খ্রি. তারিখ উল্লেখ করে সংশোধন করা হলো। এছাড়া স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের ২৫.১০.২০১০ খ্রি. তারিখের স্বাপকম/শৃঙ্খলা-২/অভি-২৩/২০০৮/৩৭২ নং স্মারকের অবশিষ্ট অংশ অপরিবর্তিত থাকবে।

জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

১৬.০১.২০২১

(মো. আবদুল মান্নান)
সচিব

নং-স্বাপকম/শৃঙ্খলা-২/অভি-২৩/২০০৮- ৪৮/৩(৩৬)

তারিখঃ ২৮.১.২০২১ খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
- ২। যুগ্মসচিব (পার), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ৩। পরিচালক, এমআইএস, স্বাস্থ্য অধিদপ্তর, ঢাকা (বিষয়টি উক্ত কর্মকর্তার পিডিএস ও ডাটাবেইজে সংরক্ষণ করার অনুরোধসহ)
- ৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

- ৫। উপপরিচালক, বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা {পরবর্তী গেজেটে প্রকাশ এবং প্রকাশিত গেজেটের ২০ (বিশ) কপি স্বাস্থ্য সেবা বিভাগের শৃঙ্খলা অধিশাখায় প্রেরণের অনুরোধসহ}
- ৬। উপপরিচালক (শৃঙ্খলা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (সংশ্লিষ্ট কর্মকর্তার স্থায়ী ও বর্তমান ঠিকানায় প্রেরণের অনুরোধসহ)
- ৭। উপপরিচালক, খাবার স্যালাইন উৎপাদন ও বিতরণ প্রতিষ্ঠান, তেজগাঁও, ঢাকা
- ৮। চিফ অ্যাকাউন্টস এন্ড ফাইন্যান্স অফিসার, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
- ৯। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ১০। অতিরিক্ত সচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ১১। যুগ্মসচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ১২। জনাব জাকের আহমেদ চৌধুরী, ফিল্ড অফিসার, খাবার স্যালাইন উৎপাদন ও বিপণন প্রতিষ্ঠান, তেজগাঁও, ঢাকা
- ১৩। অফিস কপি

২৮.১.২০২১
(মোঃ শাহাদত হোসেন কবির)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯৫৪৫০২৮
disc@hds.gov.bd